উপজেলা পরিষদ
বেতাগী, বরগুনা
http//.betagi.barguna.gov.bd

**বেতাগী উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩'র সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ মাকসুদুর রহমান ফোরকান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বেতাগী, বরগুনা।

সভার তারিখ ও সময় : ২৭-০৯-২০২৩ সকাল ১১:০০ টা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বেতাগী, বরগুনা।

: উপস্থিত সদস্য বৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক"

: অনুপস্থিত সদস্যবৃন্দের ( অনুমতিক্রমে)/(অনুমতি ব্যতিত) নামের তালিকা : পরিশিষ্ট "খ"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। শুরুতেই উপজেলার সার্বিক পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন ও বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি এর তালিকা যথাসময়ে স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উপজেলায় জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। | ক) এ বিষয় আলোচনান্তে যথাসময়ে এডিপি'র তালিকা জমা প্রদানের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>বেতাগী, বরগুনা।<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান<br>বেতাগী, বরগুনা। |
| ২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা জানান যে, অফিসের সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদি ক্রয়ের জন্য ৫,০০০/- টাকা ব্যয় করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি আইপিএস মেশিন ২৫০০০/- টাকায় এবং একটা ব্যাটারি ২৫,০০০/- টাকায় ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। | এ বিষয় আলোচনান্তে অফিসের সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদি ক্রয়ের জন্য ৫,০০০/- টাকা পরিষদের রাজস্ব তহবিল আনুষঙ্গিক খাত হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>এছাড়াও উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি আইপিএস মেশিন ২৫০০০/- টাকায় এবং একটা ব্যাটারি ২৫,০০০/- টাকায় ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বেতাগী, বরগুনা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বেতাগী, বরগুনা। |
| ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা সভায় জানান যে, অত্র উপজেলার সকল গ্রাম পুলিশদের বাইসাইকেল প্রদান করা হয়। কিন্তু কোন গ্রাম পুলিশ তা ব্যবহার করে না। প্রতি সপ্তাহে উপজেলায় হাজিরার সময় বাইসাইকেল ব্যবহার করে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করেন। | এ বিষয় আলোচনান্তে গ্রাম পুলিশগণ যেন প্রতি সপ্তাহে উপজেলায় হাজিরার সময় বাইসাইকেল ব্যবহার করে আসে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বেতাগী, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>বেতাগী, বরগুনা।<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান<br>বেতাগী, বরগুনা। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৪। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বরগুনা জেলার বেতাগী উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-২৭২ তারিখঃ ২৯ মার্চ ২০২১ইং মোতাবেক অনুমোদন পাওয়া যায়। সে অনুযায়ী গত ২৮.০৯.২০২২ইং তারিখ উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ১২.০১.২০২৩ইং তারিখ দরপত্র আহবান করা হয় । M/S Shaikh Service & Co., Pro : Md. Kabul, Lakurtola, Barguna Sadar, Barguna সর্বনিম্ন দরদাতা হওয়ায় তার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। যার চুক্তি মূল্য ১৪,২৫,০০০.০০ টাকা। বর্তমানে.Foundation কাজ চলমান যার অগ্রগতি ১০%। কিন্তু আনসার সদস্যদের চাহিদার প্রেক্ষিতে গত ২৮.০৯.২০২৩ইং তারিখ উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় উক্ত আবাসন ভবনে টিন শেটের পরিবর্তে RCC ছাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলীকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়। তার প্রেক্ষিতে ২১,৬৭,৪২৯.০০ টাকা সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয় । যার পূর্বের চুক্তি মূল্য হতে ৫২% বেশি । এমতাবস্থায় উক্ত সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরন প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। | এ বিষয় আলোচনান্তে সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের | উপজেলা প্রকৌশলী বেতাগী, বরগুনা। |
| ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বেতাগী। |
| ৬। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বেতাগী, বরগুনা- উপজেলা প্রকল্প বাছাই কমিটির অনুমোদন সাপেক্ষে সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্ন লিখিত ২টি অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br><br>ক.গুণগত শিক্ষার মান উন্নয়নে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য শ্রেণিকক্ষে উঁচু-নিচুঁ বেঞ্চ ও আসবাবপত্র সরবরাহ এবং দারুল ইসলাম মহিলা আলিম মাদরাসা, বেতাগী পৌরসভা ও হোসনাবাদ আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ সরবরাহ।<br><br>খ.কাঠালতলী নেছারিয়া দাখিল মাদ্রাসায় ওয়াশ ব্লক নির্মাণ ও বেতাগী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে এবং ভোড়া কালিকাবাড়ী আর্শ্বেদীয়া মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ। | বর্ণিত প্রস্তাবনার আলোকে বিস্তরিত আলোচনান্তে জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উল্লিখিত ২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। উল্লিখিত প্রকল্পসমূহ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ) এর অনুমোদনের লক্ষ্যে প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বেতাগী, বরগুনা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বেতাগী, বরগুনা। |
| ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বেতাগী, বরগুনা। |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মোকামিয়া ইউএইচ এন্ড এফডব্লিউসি এইচইউডি এর তত্ত্বাবধানে মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ চলমান রয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগের কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেতাগী, বরগুনা। |
| ৯। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা আনসার ভিডিপি বিভাগের কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা বেতাগী, বরগুনা |
| ১০। চেয়ারম্যান, বিবিচিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সমস্ত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিবিচিনি ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য | চেয়ারম্যান, বিবিচিনি বেতাগী, বরগুনা। |
| ১১। ক) চেয়ারম্যান, বেতাগী সদর সভায় জানান যে, তার ইউনিয়নর সমস্ত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বেতাগী সদর ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য | চেয়ারম্যান, বেতাগী সদর বেতাগী, বরগুনা। |
| ১২। চেয়ারম্যান, হোসনাবাদ সভায় জানান যে, তার ইউনিয়নের সমস্ত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হোসনাবাদ ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য | উপজেলা প্রকৌশলী বেতাগী, বরগুনা। |

CamScanner

| | | |
|---|---|---|
| ১৩। চেয়ারম্যান, মোকামিয়া সভায় জানান যে, তার ইউনিয়নের সমস্ত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মোকামিয়া ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ হয়। | চেয়ারম্যান, মোকামিয়া বেতাগী, বরগুনা। |
| ১৪। চেয়ারম্যান, বুড়ামজুমদার সভায় জানান যে, তার ইউনিয়নের | বুড়ামজুমদার ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ হয়। | চেয়ারম্যান, বুড়ামজুমদার বেতাগী, বরগুনা। |
| ১৫। চেয়ারম্যান, কাজিরাবাদ সভায় জানান যে, তার ইউনিয়নের সমস্ত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজিরাবাদ ইউনিয়নের সকল কার্যক্রম গতিশীল এবং সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ হয়। | চেয়ারম্যান, কাজিরাবাদ বেতাগী, বরগুনা। |

পরিশেষে উপস্থিত সদস্যদের উপজেলার সার্বিক উন্নয়নে এবং সরকার কর্তৃক সকল কর্মসূচি বাস্তবায়নে আরও গতিশীল আন্তরিক ও সক্রিয় হওয়ার আহবান জানানো হয়।

অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাকসুদুর রহমান ফোরকান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বেতাগী,বরগুনা।

স্মারক নং- উপকা/বেতা:২০২৩/ ৮৯

তারিখ :২৭/০৯/২০২৩খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১। মাননীয় সংসদ সদস্য- ১১০, বরগুনা-২।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরগুনা।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরগুনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা ।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা ।
৯। উপজেলা...........................................কর্মকর্তা, বেতাগী, বরগুনা।
১০। চেয়ারম্যান, .................................ইউপি, (সকল), বেতাগী, বরগুনা।

(ফারুক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বেতাগী, বরগুনা।